

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ সর্বোচ্চ বন্ধুর দিকে ধাবমান (إِلَى الرَّفِيْقِ الْأَعْلَى) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

উমার (রাঃ)-এর অবস্থান (مَوْقِفُ عُمْرَ):

নাবী কারীম (ﷺ) এর মৃত্যু সংবাদ শ্রবণ করা মাত্র উমার (রাঃ)-এর হুশ বুদ্ধি লোপ পেতে থাকে। তিনি উঠে দাঁড়িয়ে বলতে শুরু করেন, কিছু সংখ্যক মুনাফিক্ক মনে করেছে যে, রাসূলুল্লাহ (ﷺ) মৃত্যুবরণ করেছেন। কিন্তু প্রকৃত ব্যাপার হচ্ছে তিনি মৃত্যুবরণ করেননি, বরং আপন প্রতিপালকের নিকট গমন করেছেন। যেমন মুসা বিন ইমরান (আঃ) গমন করেছিলেন এবং নিজ সম্প্রদায়ের নিকট থেকে ৪০ রাত্রি অনুপস্থিত থাকার পর তাদের নিকট পুনরায় ফিরে এসেছিলেন। অথচ প্রত্যাবর্তনের পূর্বে বলা হতো যে তিনি মৃত্যুবরণ করেছেন।

আল্লাহর কসম! রাসূলুল্লাহ (ﷺ)ও অবশ্যই ফিরে আসবেন এবং ঐ সকল লোকের হাত পা কেটে দেবেন যারা মনে করে যে প্রকৃতই তাঁর মৃত্যু হয়েছে।[1]

ফুটনোট

[1] ইবনু হিশাম ২য় খন্ড ৬৫৫ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6464

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন